



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/31/2021

গভর্নর ক্যাথি হোচুল

নিউ ইয়র্ক স্টেট ট্রুপার হওয়ার জন্য আবেদন করার সুযোগ এখন উন্মুক্ত রয়েছে বলে গভর্নর হোচুলের ঘোষণা

নতুন অনলাইন প্রক্রিয়ার মাধ্যমে পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ সম্প্রসারণ করা হয়েছে

বৈচিত্র্য বাড়ানোর জন্য রিইমাজিন্ড রিক্রুটমেন্ট আউটরিচ প্রোগ্রাম (Reimagined Recruitment Outreach Program) চালু করা হয়েছে

প্রার্থীরা [এখানে](#) নিউ ইয়র্ক স্টেট ট্রুপার হওয়া সম্পর্কে জানতে পারবেন এবং পরীক্ষা দেয়ার জন্য সাইন-আপ করতে পারবেন

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ ট্রুপারের পরবর্তী ভর্তি পরীক্ষার জন্য আবেদনের সুযোগ এখন উন্মুক্ত রয়েছে। 2022 সালের জানুয়ারি থেকে এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত হতে যাওয়া এই পরীক্ষাটি স্টেট পুলিশের ইতিহাসে প্রথমবারের মতো অনুমোদিত পরীক্ষা কেন্দ্রগুলোতে অনলাইনে দিতে হবে, যা পরীক্ষাটিকে সাধারণ মানুষের জন্য আরো অ্যাক্সেসযোগ্য করার প্রচেষ্টার একটি অংশ। সেইসাথে, পুলিশে সংখ্যালঘু ও মহিলা সদস্যদের সংখ্যা বৃদ্ধির উদ্দেশ্যে স্টেট পুলিশ রিইমাজিন্ড রিক্রুটমেন্ট আউটরিচ প্রোগ্রাম চালু করেছে।

প্রার্থীরা joinstatepolice.ny.gov ওয়েবসাইটে নিউ ইয়র্ক স্টেট ট্রুপার হওয়া সম্পর্কে জানতে পারবেন এবং পরীক্ষা দেয়ার জন্য সাইন আপ করতে পারবেন।

"নিউ ইয়র্ক স্টেট পুলিশের এক শতাব্দির বেশি সময় ধরে জনসেবায় নিয়োজিত থাকার গর্বিত ঐতিহ্য রয়েছে, এবং আমরা দেশের অভিজাত আইন প্রয়োগকারী সংস্থাগুলোর একটির অংশ হওয়ার জন্য আবেদনের সুযোগ উন্মুক্ত করছি," বলেছেন গভর্নর হোচুল। "আমাদের ট্রুপারদের মধ্যে যেন স্টেট হিসেবে আমাদের পরিচয় প্রতিফলিত হয় তা অত্যন্ত গুরুত্বপূর্ণ, আর সে কারণে স্টেট পুলিশের ভবিষ্যত নেতৃত্ব খুঁজে নিতে আমরা সব কমিউনিটির সাথে যোগাযোগ করছি। পার্থক্য তৈরি করতে আগ্রহী যেকোনো ব্যক্তিকে নিউ ইয়র্ক স্টেট ট্রুপার হিসেবে ক্যারিয়ারের কথা বিবেচনা করতে আমরা উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক স্টেটের 54টি পরীক্ষা কেন্দ্র, যুক্তরাষ্ট্রের 250টিরও বেশি লোকেশন, এবং বিশ্বব্যাপী সামরিক বাহিনীর 112টি লোকেশনে ট্রুপার ভর্তি পরীক্ষা দেয়ার সুযোগ তৈরির জন্য পিয়ারসন VUE (Pearson VUE) এর সাথে স্টেট পুলিশ চুক্তিবদ্ধ হয়েছে। প্রার্থীরা কোথায় ও কখন পরীক্ষা দিবেন তা তারা বেছে নিতে পারবেন। অতীতে, পরীক্ষাটি লিখিত ছিল ও একটি সুনির্দিষ্ট জায়গায়, নির্দিষ্ট তারিখ ও সময়ে পরীক্ষা দেয়া প্রার্থীদের জন্য আবশ্যিক ছিল। সামরিক বাহিনীতে কর্মরত আগ্রহী প্রার্থীদের ছুটি নেয়ার প্রয়োজন হতো এবং নির্ধারিত তারিখগুলোর কোনো একটিতে পরীক্ষা দেয়ার জন্য নিউ ইয়র্ক স্টেটে ফিরে আসতে হতো। নতুন অনলাইন পরীক্ষা প্রক্রিয়াটি আগ্রহী প্রার্থীদের জন্য আরো বেশি সুবিধাজনক ও অ্যাক্সেসযোগ্য। পরীক্ষা সম্পন্ন করতে প্রার্থীরা মোট দুই ঘণ্টা সময় পাবেন। পরীক্ষা দেয়ার জন্য 20 ডলারের একটি ফি রয়েছে এবং প্রার্থী পরীক্ষা কেন্দ্র, তারিখ ও সময় নির্বাচন করার পরে আরো 35 ডলারের একটি ফি রয়েছে।

স্টেট পুলিশ সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন, "নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুনাম ও উৎকর্ষতার ঐতিহ্য রয়েছে। সে সুনাম বজার রাখতে ও আরো বাড়াতে আমাদের জন্য সম্ভাব্য সবচেয়ে বেশি মেধাবী ও বৈচিত্র্যপূর্ণ প্রার্থীদের আকৃষ্ট করা প্রয়োজন। একজন স্টেট ট্রুপার হওয়ার অর্থ মানুষকে সাহায্য করা এবং ন্যায়ে পক্ষের একটি বাহিনী হিসেবে ভূমিকা রাখা। ফলপ্রসূ ও উত্তেজনাপূর্ণ ক্যারিয়ার গড়তে আগ্রহী এমন যেকোনো ব্যক্তিকে আমরা সাইন-আপ করতে উৎসাহিত করছি।"

নতুন পরীক্ষার পাশাপাশি, অধিক সংখ্যক মহিলা ও সংখ্যালঘু প্রার্থীর কাছে পৌঁছানোর জন্য স্টেট পুলিশ তার নিয়োগ প্রক্রিয়া পুনর্গঠন করেছে। ইতিবাচক দীর্ঘমেয়াদী সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে, আইন প্রয়োগকারী সংস্থার মধ্যে যথাযথ প্রতিনিধিত্ব নেই এমন কমিউনিটিগুলোর নেতৃত্বের সাথে বৈঠক করা এই প্রচেষ্টার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও কর্মসূচিগুলোতে এবং আশেপাশের এলাকার মধ্যে নেটওয়ার্কিং করার জন্য স্টেট পুলিশ প্রত্যেক ট্রুপে নিয়োগ দল গড়ে তুলেছে। পরীক্ষা সম্পর্কে ও স্টেট পুলিশের সাথে ক্যারিয়ার গড়ার সুবিধা সম্পর্কে জনসাধারণকে অবহিত করতে সংস্থাটি সোশ্যাল মিডিয়া ও অন্যান্য আউটলেটগুলোও ব্যবহার করবে।

বর্তমানে নিউ ইয়র্ক স্টেট পুলিশে 4,640 জন শপথ গ্রহণকারী সদস্য রয়েছেন। প্রায় 6 শতাংশ হিস্প্যানিক, 4 শতাংশ কৃষ্ণাঙ্গ, 1 শতাংশ এশীয় বা প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের অধিবাসী, অন্যদিকে মোট বাহিনীর 11 শতাংশ মহিলা।

এই লিংকে পরীক্ষার জন্য একটি স্টাডি গাইড রয়েছে:

<https://joinstatepolice.ny.gov/system/files/documents/2021/08/study-guide-practice-test-for-the-nysp-trooper-examination.pdf>

পরীক্ষার জন্য যোগ্যতা:

- যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়া
- 20-29 বছর বয়সী হওয়া (প্রতি এক বছর সক্রিয় সামরিক দায়িত্ব পালনের জন্য বয়সের সর্বোচ্চ সীমা এক বছর করে বর্ধিত করা যেতে পারে - সর্বোচ্চ 7 বছর পর্যন্ত)
- হাই স্কুল ডিপ্লোমা বা সমমান

অ্যাপয়েন্টমেন্টের সময় অতিরিক্ত কিছু যোগ্যতা থাকা আবশ্যিক হবে। সেগুলো এখানে পাওয়া যাবে: <https://joinstatepolice.ny.gov/appointment-qualifications>

বেতন ও সুবিধাসমূহ:

- প্রারম্ভিক বেতন: 58,443 ডলার
- এক বছর পরে: 82,677 ডলার
- পূর্ণাঙ্গ বেনিফিট ও অবসরকালীন সুবিধা

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)